দৈনিক বাংলা



বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 9 JUN 1984
পৃষ্ঠা 1 কলাম 3

4

# রংপুরে প্রেসিডেন্টের পাবলিক লাইব্রেরীর ভিত্তিপ্রস্তর স্থাপন

রংপুর, ৮ই জুন (বাসস)।— প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ আজ এখানে টাউন হলের কাছে রংপুর পাবলিক লাইব্রেরীর নয়া ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

নিজস্ব ভবনে লাইব্রেরী থাকতে

## ভিত্তিপ্রস্তর স্থাপন

(প্রথম পৃঃ পর)

হবে এই বিধান মোতাবেক পাবলিক লাইব্রেরী বিভাগের অধীনে এটাই হবে জেলা পর্যায়ের সর্বপ্রথম পাবলিক লাইব্রেরী।

এই তিনতলা লাইব্রেরী ভবনে ব্যবহারযোগ্য স্থান থাকবে মোট ২৫ হাজার ৭০০ বর্গফুট। এ ভবন নির্মাণে ব্যয় হবে ১ কোটি টাকা। এ লাইব্রেরীর পাঠকক্ষটি হবে শীতাতপ নিয়ন্ত্রিত।

সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী নূর মোহাম্মদ খান, স্থানীয় নেতৃবৃন্দ ও বিশিষ্ট ব্যক্তিবর্গ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট এ অনুষ্ঠানে উপস্থিত ব্যক্তিদের সঙ্গে বিভিন্ন স্থানীয় সমস্যা নিয়ে আলোচনা করেন।

টাউন হলও মেরামত করা হবে বলে তিনি তাদের আশ্বাস দেন।

তিস্তা বাঁধ প্রকল্প পরিদর্শনের পর ফরাসী প্রেসিডেন্টের বিশেষ দূত জ্যাকুইস আটালিকে সঙ্গে নিয়ে প্রেসিডেন্ট নীলফামারী থেকে এখানে আসেন। এর পর তিনি এই শহরে তাঁর পৈত্রিক বাড়িতে যান।

তাঁকে অভিনন্দন জানানোর জন্য হাজার হাজার নারী-পুরুষ হেলিপ্যাড থেকে তাঁর বাড়ি পর্যন্ত রাস্তার দুপাশে সারি বেঁধে দাঁড়িয়ে থাকে।

পরে প্রেসিডেন্ট ও মিঃ আটালি রংপুর গ্যারিসন সদর দফতরে দুটি গাছের চারা রোপন করেন।